যুগান্তর

তারিখ ... 17 JAN 2003 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৬ ......

**এইচএসসি'র ফরম পূরণ**

# বরিশালের ২৬টি কলেজের ওপর বোর্ডের নিষেধাজ্ঞা

বরিশাল ব্যুরো

বরিশাল শিক্ষা বোর্ড ২৬টি কলেজের এইচএসসি ফরম পূরণের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। এ ২৬টি কলেজ আগামী

বরিশাল : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

## বরিশাল : নিষেধাজ্ঞা

(শেষ পৃষ্ঠার পর)

এইচএসসি পরীক্ষার জন্য কোন ছাত্রছাত্রীর ফরম পূরণ করাতে পারবে না। ফলে ওই কলেজগুলোর সাত সহস্রাধিক পরীক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। বিভিন্ন অনিয়মের কারণে বোর্ড কর্তৃপক্ষ এ স্থগিতাদেশ দিয়েছে। নিষেধাজ্ঞা আরোপিত ২৬টি কলেজের মধ্যে বরিশালের ৭টি, ঝালকাঠির ৫টি, বরগুনার ৫টি, পিরোজপুরের ২টি, ভোলায় ৩টি এবং পটুয়াখালীর ৪টি কলেজ রয়েছে।

বোর্ড সূত্র জানায়, নিষেধাজ্ঞা আরোপিত কলেজগুলোর স্বীকৃতি নবায়ন, পাসের হার, ভর্তি অনুমতি, শিক্ষক নিয়োগসহ বিভিন্ন ক্ষেত্রে ব্যাপক অনিয়ম রয়েছে। সূত্র মতে যে সব কলেজের বিরুদ্ধে ছোটখাটো অনিয়মের অভিযোগ রয়েছে ওই সব কলেজ সমস্যার সমাধান করতে পারলে বোর্ড কর্তৃপক্ষ তাদের পরীক্ষার অনুমতি দিতে পারে। কিন্তু বড় ধরনের অনিয়ম যে সব কলেজে বিরাজমান তাদের অনুমতি দেয়া হবে না। স্থগিতাদেশ প্রাপ্ত কলেজগুলো হল- বরিশালের সিটি কলেজ, মল্লিকা মহিলা কলেজ, ভাষানচর বিদ্যানন্দপুর কলেজ, সৈয়দ বদরুল হোসেন কলেজ, এম এ মালেক মহাবিদ্যালয়, ছোট রঘুনাথপুর কলেজ, মেহেন্দীগঞ্জ মহিলা কলেজ, পিরোজপুরের মিরুখালী মহাবিদ্যালয় ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কলেজ, ঝালকাঠির শাহ মাহমুদিয়া কলেজ, আবদুল মালেক কলেজ, ঝালকাঠি পৌর কলেজ, মনস্বিতা মহিলা কলেজ, ছিটকী বিদ্যালয় ও কলেজ, বরগুনার ইউনুস আলী খান কলেজ, হলদিয়া ইউনিয়ন কলেজ, টিয়াখালী কলেজ ও আয়লা কলেজ। ভোলার রসুলপুর মহাবিদ্যালয়, কাচিয়া টবগী কলেজ, ওসমান ইউনাইটেড কলেজ, পটুয়াখালীর কিসমতপুর দেলোয়ার হোসেন কলেজ, বাকিয়াকাঠি মহিলা কলেজ ও নাসিমা কেরামত আলী মহিলা কলেজ।

বোর্ডের একটি সূত্র বলেছে, স্থগিতাদেশ প্রাপ্ত কলেজগুলোর পক্ষ থেকে বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ম্যানেজ করার প্রক্রিয়া শুরু হয়েছে। ফলে গুরুতর অনিয়ম থাকলেও কলেজগুলো শেষ পর্যন্ত এইচএসসির ফরম পূরণের অনুমতি পেতে পারে।